

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১২, ২০১১

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি)  
কাকরাইল, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ/৮ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৮৩-আইন/২০১১।—চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ (২০১০ সনের ২৫ নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি), সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নবর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা চার্টার্ড সেক্রেটারীজ প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) 'আইন' অর্থ চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ (২০১০ সনের ২৫ নং আইন);

(খ) 'ইনস্টিটিউট' অর্থ ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ (আইসিএসবি);

( ১৩৫৫৭ )

মূল্য : টাকা ২০.০০

- (গ) 'কমিটি' অর্থ প্রবিধান ৪০ ও ৪১ এর অধীন গঠিত, ক্ষেত্রমত, কোন স্থায়ী কমিটি বা সাব-কমিটি;
- (ঘ) 'কমিশন' অর্থ প্রবিধান ২২ এর অধীন গঠিত নির্বাচন কমিশন;
- (ঙ) 'কাউন্সিল' অর্থ ধারা ৫ এ উল্লিখিত চার্টার্ড সেক্রেটারীজ কাউন্সিল;
- (চ) 'চার্টার্ড একাউন্টেন্টস্ ফার্ম' অর্থ এমন কোন ফার্ম যাহাতে একাধিক চার্টার্ড একাউন্টেন্ট নিযুক্ত থাকেন যাহারা হিসাব অডিট বা নিরীক্ষা সংক্রান্ত কার্য সম্পাদন করিয়া থাকেন;
- (ছ) 'তহবিল' অর্থ ধারা ২৪ এর অধীন গঠিত ইনস্টিটিউটের তহবিল;
- (জ) 'ধারা' অর্থ আইনের ধারা;
- (ঝ) 'নিবন্ধিত ছাত্র' অর্থ এই প্রবিধানমালা অনুযায়ী যিনি ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নাম নিবন্ধন করিয়াছেন বা আইন প্রণয়নের পূর্বে বিলুপ্ত ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নাম নিবন্ধন করিয়াছিলেন;
- (ঞ) 'নির্বাচন' অর্থ কাউন্সিল গঠনের নিমিত্ত অনুষ্ঠিত সাধারণ নির্বাচন বা, ক্ষেত্রমত, কাউন্সিলের এক বা একাধিক শূণ্য পদ পূরণের নিমিত্ত অনুষ্ঠিত উপ-নির্বাচন;
- (ট) 'নিরীক্ষক' বা 'নিরীক্ষক ফার্ম' অর্থ ধারা ২৫ এর বিধান অনুযায়ী ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষা করিবার নিমিত্ত নিয়োগকৃত চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড একাউন্টেন্টস্ ফার্ম;
- (ঠ) 'প্রবিধান' অর্থ এই প্রবিধানমালার কোন প্রবিধান;
- (ড) 'প্র্যাকটিসিং সদস্য' অর্থ ইনস্টিটিউটের এমন কোন সদস্য যিনি এই প্রবিধানমালা অনুযায়ী প্রাইভেট প্র্যাকটিসের সনদ গ্রহণ করিয়া প্রাইভেট প্র্যাকটিস করেন;
- (ঢ) 'প্র্যাকটিসিং সনদ' বা 'প্র্যাকটিসের সনদ' অর্থ ধারা ১৯ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রবিধান ১৫ এর উপ-প্রবিধান (৮) ও (৯) মোতাবেক ইস্যুকৃত সনদ যাহার অধিকারী সদস্য চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্রাইভেট প্র্যাকটিস করিতে পারিবেন;
- (ণ) 'প্রেসিডেন্ট' অর্থ কাউন্সিলের প্রেসিডেন্ট এবং প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালনকারী ব্যক্তিও উহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ত) 'ফরম' অর্থ এই প্রবিধানমালার ফরম;
- (থ) 'সচিব' অর্থ ইনস্টিটিউটের সচিব;
- (দ) 'সদস্য' অর্থ ধারা ২ এর দফা (১৭) তে সংজ্ঞায়িত সদস্য;
- (ধ) 'সাধারণ সভা' অর্থ ইনস্টিটিউটের সদস্যগণের সভা; এবং
- (ন) 'হিসাব বৎসর' অর্থ খ্রিস্টাব্দ বৎসর।

**দ্বিতীয় অধ্যায়**  
**ইনস্টিটিউটের পরিচালনা ও প্রশাসন**

৩। পরিচালনা ও প্রশাসন।—ইনস্টিটিউটের ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যাবলী কাউন্সিল কর্তৃক পরিচালিত হইবে।

৪। প্রেসিডেন্টের ক্ষমতা ও কার্যাবলী।—ধারা ৬ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রেসিডেন্ট নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথাঃ—

- (ক) আইন ও প্রবিধান অনুযায়ী নির্ধারিত বা অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- (খ) কাউন্সিল সভার আলোচ্য সূচী নির্ধারণ;
- (গ) কাউন্সিল সভা ও বাৎসরিক সাধারণ সভার কার্য-বিবরণীতে স্বাক্ষর প্রদান;
- (ঘ) কাউন্সিলের পক্ষে যেকোন কার্য সম্পাদনের বিষয়ে, সময়ে সময়ে, সচিবকে নির্দেশনা প্রদান;
- (ঙ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে তদ্ব্যবস্থাপক বিবেচিত সকল বা যেকোন বিষয় বিবেচনা বা পর্যালোচনার নিমিত্ত কাউন্সিল বা যেকোন কমিটির নিকট প্রেরণ;
- (চ) ইনস্টিটিউট ও কাউন্সিলের পক্ষে, তদ্ব্যবস্থাপক বিবেচিত, ইস্যুকৃতব্য পত্রে স্বাক্ষর করণ; এবং
- (ছ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন।

৫। ট্রেজারার দায়িত্ব ও কার্যাবলী।—(১) ট্রেজারার ইনস্টিটিউটের তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিবেন।

(২) ধারা ২৬ এবং উপ-প্রবিধান (১) এর উদ্দেশ্য পূরণকল্পে ট্রেজারার নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথাঃ—

- (ক) ইনস্টিটিউটের আয়-ব্যয় ও জমা-খরচ সংক্রান্ত সকল ভাউচার, হিসাবের বহি ও সংশ্লিষ্ট দলিলাদিতে স্বাক্ষর প্রদান ও সংরক্ষণ;
- (খ) নিরীক্ষার প্রয়োজনে দফা (ক) তে বর্ণিত কাগজাদি হালনাগাদকরণ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে, সচিবের মাধ্যমে, নিরীক্ষকের নিকট সরবরাহকরণ;
- (গ) কাউন্সিলের চাহিদা মোতাবেক তহবিল সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও কাউন্সিল সভায় উপস্থাপন;
- (ঘ) ইনস্টিটিউটের বার্ষিক বাজেট প্রণয়ন করিয়া, বৎসর আরম্ভের পূর্বেই, কাউন্সিলের বিবেচনা ও অনুমোদনের নিমিত্ত উপস্থাপন;

- (ঙ) ইনস্টিটিউটের বার্ষিক হিসাব প্রতিবেদন প্রণয়ন করিয়া উহা কাউন্সিলের অনুমোদনের নিমিত্ত উপস্থাপন; এবং
- (চ) ইনস্টিটিউটের তহবিল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রেসিডেন্ট, কাউন্সিল বা বিভিন্ন কমিটি কর্তৃক, সময়ে সময়ে, নির্দেশিত কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৩) পদত্যাগ না করিলে বা কাউন্সিল কর্তৃক বিপরীত সিদ্ধান্ত গ্রহণ করা না হইলে, কাউন্সিলের মেয়াদ উত্তীর্ণ হওয়া স্বত্বেও, ট্রেজারার তাহার উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

৬। সচিবের দায়িত্ব ও কার্যাবলী।—(১) সচিব ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন।

(২) ধারা ২৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে সচিব নিম্নরূপ দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন, যথাঃ—

- (ক) কাউন্সিল ও বিভিন্ন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসরণ ও বাস্তবায়ন;
- (খ) দফা (ক) তে বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতকরণ এবং আবাস্তবায়িত বিষয়াদি যুক্তিযুক্ত কারণ উল্লেখপূর্বক কাউন্সিল বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট কমিটির পরবর্তী সভায় উপস্থাপন ও করণীয় বিষয়াদি সম্পর্কে দিক-নির্দেশনা গ্রহণ;
- (গ) ইনস্টিটিউটের অফিস পরিচালনা ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন;
- (ঘ) প্রেসিডেন্ট ও কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী উহাদের পক্ষে সকল কার্যাদি সম্পন্নকরণ;
- (ঙ) প্রেসিডেন্ট বা কাউন্সিল কর্তৃক নির্দেশিত হইলে কাউন্সিল ও ইনস্টিটিউটের পক্ষে সকল প্রকার নোটিশ ও পত্রে স্বাক্ষরকরণ;
- (চ) আইন ও প্রবিধানমালা অনুযায়ী, তহবিল সংক্রান্ত রেজিস্টার ব্যতিরেকে, সকল রেজিস্টার, দলিলাদি ও ফরম রক্ষণাবেক্ষণ;
- (ছ) ইনস্টিটিউটের সকল সম্পদ ও সম্পত্তি রক্ষণাবেক্ষণ;
- (জ) কাউন্সিল বা কোন কমিটির মঞ্জুরীকৃত সীমার মধ্যে নামিক ও মূলধনী খাতে ব্যয় নির্বাহকরণ;
- (ঝ) ইনস্টিটিউটের সকল অর্থ রসিদ ইস্যু করিয়া গ্রহণ;
- (ঞ) নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুসারে ইনস্টিটিউটের নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন, তাহাদের নিয়ন্ত্রণ ও কার্যাদি তদারকি করা, তাহাদের উপর যাবতীয় শৃঙ্খলা আরোপ এবং তাহাদের বেতন-ভাতাসহ অন্যান্য পাওনাদি, যদি থাকে, পরিশোধ করা;
- (ট) ইনস্টিটিউটের আয়-ব্যয় ও জমা-খরচের হিসাব সংরক্ষণ ;
- (ঠ) নিরীক্ষকের নিকট হিসাবের বহি সরবরাহ করা ও প্রয়োজনীয় তথ্য প্রদান করা;

- (ড) প্রেসিডেন্টের অনুমোদনক্রমে ইনস্টিটিউট বা কাউন্সিলের পক্ষে আইনজ্ঞ, পরামর্শক বা বিশেষজ্ঞ নিয়োগ করা এবং প্রয়োজনে চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজাদি সরবরাহ বা দাখিল করা; এবং
- (ঢ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে ইনস্টিটিউটের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ রক্ষা করা।

(৩) সচিব তাঁহার দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের প্রয়োজনে যে-কোন কর্মকর্তা বা কর্মচারীর সহায়তা গ্রহণ করিতে পারিবেন এবং কর্মকর্তা ও কর্মচারীগণ সচিবের নির্দেশনা অনুযায়ী সহায়তা প্রদানসহ প্রয়োজনীয় কার্য সম্পাদনে বাধ্য থাকিবেন।

(৪) সচিব, কাউন্সিলের সার্বিক তত্ত্বাবধানে, আইন ও এই প্রবিধানমালায় উল্লিখিত তাঁহার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন এবং উক্তরূপ কার্যাবলীর জন্য প্রেসিডেন্টের নিকট দায়ী থাকিবেন।

৭। তহবিল পরিচালনা, ইত্যাদি।—ধারা ২৪ এর উদ্দেশ্য পূরণকল্পে তহবিল পরিচালনা এবং তহবিল হইতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে নিম্নরূপ নিয়মাবলী অনুসরণ করিতে হইবে, যথাঃ—

- (ক) প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারারের যৌথ-স্বাক্ষরে ইনস্টিটিউটের ব্যাংক হিসাবসমূহ পরিচালিত হইবে এবং তাঁহাদের যেকোন দুইজনের যৌথ-স্বাক্ষরে ব্যাংক হইতে অর্থ উত্তোলন করা যাইবে;
- (খ) ইনস্টিটিউটের দৈনন্দিন আয় বা প্রাপ্তি হইতে দৈনন্দিন ব্যয় নির্বাহ করা যাইবে এবং দৈনন্দিন ব্যয় নির্বাহের নিমিত্ত কাউন্সিল কর্তৃক অনুমোদিত পরিমাণ নগদ অর্থ জমা রাখা যাইবে এবং উহার ব্যয় সংক্রান্ত তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে;
- (গ) তহবিলের অর্থ কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অনুমোদিত খাতে বিনিয়োগ করা যাইবে;
- (ঘ) ইনস্টিটিউটের চলতি দেনা বা অন্যান্য দেনা পরিশোধের বা মূলধনী খাতে ব্যয় করিবার নিমিত্ত কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, ব্যাংক বা সরকারের নিকট হইতে ধারা ২৪ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর বিধান অনুসারে প্রয়োজনীয় ঋণ গ্রহণ করা যাইবে;
- (ঙ) দফা (ঘ) তে বর্ণিত কোন ঋণ গ্রহণ করা হইলে উক্ত ঋণের অর্থ ব্যবহারের বিস্তারিত প্রতিবেদন সচিব কর্তৃক, ট্রেজারারের মাধ্যমে, কাউন্সিল সভায় উপস্থাপন করিতে হইবে; এবং
- (চ) কাউন্সিল ইনস্টিটিউটের বার্ষিক বাজেট অনুমোদন করিবে, প্রয়োজন মোতাবেক, উহা সংশোধন, হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে এবং উহা এক বা একাধিক খাতে বরাদ্দ প্রদান বা বাতিল করিতে পারিবে বা নূতন কোন খাতে বরাদ্দ প্রদান করিতে পারিবে।

৮। **বাৎসরিক সাধারণ সভা।**—(১) বাংলাদেশের যেকোন স্থানে, প্রতি খ্রীস্টাব্দ বৎসরে একবার, ইনস্টিটিউটের বাৎসরিক সাধারণ সভা অনুষ্ঠিত হইবে।

(২) বাৎসরিক সাধারণ সভার আলোচ্যসূচী হইবে নিম্নরূপ, যথাঃ—

- (ক) কাউন্সিলের বাৎসরিক প্রতিবেদন বিবেচনা, পর্যালোচনা ও গ্রহণ,
- (খ) ইনস্টিটিউটের বাৎসরিক নিরীক্ষিত হিসাব প্রতিবেদন ও নিরীক্ষকের প্রতিবেদন বিবেচনা, পর্যালোচনা ও গ্রহণ,
- (গ) নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষকের ফি বা পারিশ্রমিক নির্ধারণ,
- (ঘ) আইন বা এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ যেকোন বিষয় কাউন্সিলের সুপারিশক্রমে পর্যালোচনা ও উহার উপর সিদ্ধান্ত গ্রহণ,
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, কাউন্সিলের সদস্যগণের নির্বাচন বা উপ-নির্বাচন।

(৩) কাউন্সিল বাৎসরিক সাধারণ সভার দিন, তারিখ, সময়, স্থান ও আলোচ্যসূচী নির্ধারণ করিবে।

(৪) সভা অনুষ্ঠানের অন্ত্যন ১৪(চৌদ্দ) দিন পূর্বে ইনস্টিটিউটের প্রত্যেক সদস্য বরাবর সভার দিন, তারিখ, সময়, স্থান ও আলোচ্যসূচী উল্লেখপূর্বক সচিব কর্তৃক বাৎসরিক সাধারণ সভার নোটিশ প্রেরিত হইবে।

(৫) বাৎসরিক সাধারণ সভার নোটিশের সহিত ইনস্টিটিউটের প্রত্যেক সদস্য বরাবরে কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন, বার্ষিক হিসাব প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদনসহ আলোচ্যসূচী সংশ্লিষ্ট সকল কাগজাদি প্রেরণ করিতে হইবে।

৯। **সভার নোটিশ।**—বাৎসরিক সাধারণ সভাসহ যেকোন সভার নোটিশ সংশ্লিষ্ট সদস্যের নিবন্ধিত ঠিকানায় সাধারণ ডাকে, বাহক মারফত, নিবন্ধিত ডাকে, কুরিয়ার সার্ভিসে, ফ্যাক্সে বা ই-মেইলে প্রেরণ করা যাইবে।

[ব্যাখ্যা।—এই প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে ‘সদস্যের নিবন্ধিত ঠিকানা’ বলিতে সংশ্লিষ্ট সদস্য যদি প্র্যাকটিস করেন, তাহা হইলে তাঁহার প্র্যাকটিসের প্রধান স্থান, যদি চাকুরী করেন, তাহা হইলে তাঁহার কর্মস্থলের ঠিকানা এবং যদি প্র্যাকটিস ও চাকুরীর কোনটিই না করেন তাহা হইলে তাঁহার যে ঠিকানা তিনি সচিবকে যোগাযোগের জন্য সর্বশেষ প্রদান করিয়াছেন, তাহা বুঝাইবে।]

১০। **নিরীক্ষক নিয়োগ ও নিরীক্ষা পদ্ধতি।**—(১) ধারা ২৫ এর উদ্দেশ্য পূরণকল্পে, ইনস্টিটিউটের প্রত্যেক হিসাব বৎসরের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষার জন্য, বাৎসরিক সাধারণ সভায় যুক্তিসঙ্গত ফি বা পারিশ্রমিক নির্ধারণপূর্বক কোন উপযুক্ত চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করিতে হইবে।

(২) একই চার্টার্ড একাউন্টেন্টস ফার্মকে একাধিক হিসাব বৎসরের জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগ প্রদান করা যাইবে এবং কোন নিরীক্ষক ফার্ম এর মেয়াদ সমাপ্ত হইবার পর, সংশ্লিষ্ট ফার্ম এর সম্মতি গ্রহণ সাপেক্ষে, তাহাকে পুনঃনিয়োগ করা যাইবে।

(৩) নিরীক্ষকের পদ সাময়িকভাবে শূণ্য হইলে সেই শূণ্য পদ কাউন্সিল কর্তৃক পূরণ করা যাইবে।

(৪) কাউন্সিল প্রত্যেক হিসাব বৎসর সমাপ্ত হইবার অনধিক ৩(তিন) মাসের মধ্যে সমাপ্ত হিসাব বৎসরের হিসাব নিরীক্ষার জন্য নিরীক্ষককে নির্দেশ প্রদান করিবে এবং নিরীক্ষক উক্ত হিসাব নিরীক্ষা করিয়া কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবে।

(৫) কাউন্সিল নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির পর উহা নিরীক্ষিত হিসাবসহ বাৎসরিক সাধারণ সভায় উপস্থাপন করিবে এবং বাৎসরিক সাধারণ সভায় গৃহীত হইলে নিরীক্ষিত হিসাবসহ নিরীক্ষা প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

১১। সাধারণ সীল।—(১) ফেলো ও এসোসিয়েট সদস্যগণের সনদ, প্রাইভেট প্র্যাকটিসের সনদ ও চার্টার্ড সেক্রেটারী যোগ্যতার সনদ এবং কাউন্সিলের বিবেচনায় প্রয়োজনীয় বলিয়া গণ্য হয় এইরূপ সকল দলিলে ইনস্টিটিউটের সাধারণ সীল ব্যবহৃত হইবে।

(২) যে সনদ বা দলিলে সীল ব্যবহার করা হইবে সেই সনদ বা দলিল প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট এর যেকোন দুইজন এবং সচিব কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

১২। ইনস্টিটিউটের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য প্রদেয় সম্মানী।—(১) ইনস্টিটিউটের বিভিন্ন সভায় উপস্থিতির জন্য কাউন্সিল সদস্য ও বিভিন্ন কমিটির সদস্যগণ নিম্নবর্ণিত হারে সম্মানী প্রাপ্ত হইবেন, যথাঃ—

নং	সভার ধরন	সম্মানীর পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)
(ক)	কাউন্সিল সভা	- সভা প্রতি ৩,০০০/- (তিন হাজার);
(খ)	স্থায়ী কমিটির সভা	- সভা প্রতি ২,০০০/- (দুই হাজার);
(গ)	সাব-কমিটির সভা	- সভা প্রতি ১,০০০/- (এক হাজার)।

(২) কাউন্সিল, সময়ে সময়ে, উপ-প্রবিধান (১) এ উল্লিখিত সম্মানীর হার হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে পারিবে।

### তৃতীয় অধ্যায়

#### সদস্যতা, প্রাইভেট প্র্যাকটিস, সনদ, শিক্ষা ও প্রশিক্ষণ, ইত্যাদি

১৩। সদস্য হইবার জন্য আবেদন ও সদস্য সনদ ইস্যুকরণ।—(১) সদস্য হইবার জন্য প্রবিধান ১৪ তে বর্ণিত ফি'সহ 'ফরম-ক' অনুসারে সচিবের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সচিব উহা সদস্যতা ও নিবন্ধন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করতঃ উক্ত কমিটির সুপারিশসহ কাউন্সিলে উপস্থাপন করিবেন এবং কাউন্সিল উক্ত সুপারিশ বিবেচনা করিয়া যেকোন আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কোন আবেদন না-মঞ্জুর করা হইলে ধারা ১৭ এর উপ-ধারা (৩) এর অধীন বিষয়টি কাউন্সিলের পুনঃবিবেচনার জন্য উক্তরূপ না-মঞ্জুরের ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রেসিডেন্ট বরাবর আবেদন করা যাইবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন আবেদন প্রাপ্ত হইলে প্রেসিডেন্ট সংশ্লিষ্ট আবেদনের বিষয়ে অনধিক ১৫(পনের) দিনের মধ্যে মতামতসহ সুপারিশ প্রদানের জন্য আবেদনটি সদস্যতা ও নিবন্ধন কমিটির নিকট প্রেরণ করিবেন এবং উক্ত কমিটি উল্লিখিত সময়সীমার মধ্যে প্রেসিডেন্টের নিকট উহার মতামতসহ সুপারিশ প্রেরণ করিবে।

(৫) উপ-প্রবিধান (৪) এর অধীন সদস্যতা ও নিবন্ধন কমিটির মতামতসহ সুপারিশ প্রাপ্তির পর উহার উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবার লক্ষ্যে সচিব, প্রেসিডেন্টের সহিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সিদ্ধান্ত ধারা ১৭ এর উপ-ধারা (৩) এ নির্ধারিত ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিল কর্তৃক গৃহীত হইতে হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন প্রদত্ত কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৭) কোন ব্যক্তির সদস্য হইবার আবেদন বা, ক্ষেত্রমত, পুনঃবিবেচনার আবেদন কাউন্সিল কর্তৃক মঞ্জুর করা হইলে সচিব তাঁহার নাম রেজিস্টারে অন্তর্ভুক্ত করিবেন এবং তাঁহার অনুকূলে 'ফরম-খ' তে চার্টার্ড সেক্রেটারী সনদ ইস্যু করিবেন।

১৪। সদস্যদের প্রদেয় ফি।—(১) ইনস্টিটিউটের সদস্যদের প্রদেয় বিভিন্ন ফি হইবে নিম্নরূপ, যথাঃ—

নং	ফি এর ধরন	ফি এর পরিমাণ (টাকায়)
(১)	(২)	(৩)
(ক)	ফেলো সদস্য হিসাবে অন্তর্ভুক্তির ফিস	- ১৪,০০০/- (চৌদ্দ হাজার);
(খ)	এসোসিয়েট সদস্য হিসাবে অন্তর্ভুক্তির ফিস	- ১০,০০০/- (দশ হাজার);
(গ)	ফেলো সদস্যের বাৎসরিক সদস্য-ফিস	- ৭,০০০/- (সাত হাজার);
(ঘ)	এসোসিয়েট সদস্যের বাৎসরিক সদস্য-ফিস	৫,০০০/- (পাঁচ হাজার);
(ঙ)	প্রাইভেট প্র্যাকটিস সনদপত্রের ফিস	৫০,০০০/- (পঞ্চাশ হাজার);
(চ)	বাৎসরিক প্রাইভেট প্র্যাকটিস ফিস	২৫,০০০/- (পঁচিশ হাজার)।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ১২(১১), ১৪(৪), ১৭(১), ১৮(৫), ১৯(২) এবং ১৯(৬) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল, সময়ে সময়ে, উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত ফিস এর হার হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে বা নূতন ফিস নির্ধারণ করিতে পারিবে।

(৩) সদস্য হিসাবে অন্তর্ভুক্তির সময় উক্তরূপ অন্তর্ভুক্তির ফি এর সহিত প্রথম বৎসরের বাৎসরিক সদস্য-ফি এবং প্রাইভেট প্র্যাকটিসের সনদ গ্রহণের সময় উক্তরূপ সনদপত্রের ফি এর সহিত প্রথম বৎসরের প্রাইভেট প্র্যাকটিস ফি পরিশোধ করিতে হইবে।

(৪) প্রতি বৎসর জানুয়ারী মাসের ৩১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সদস্য কর্তৃক সকল বাৎসরিক ফিস প্রদান করিতে হইবে।

(৫) কোন সদস্য তাঁহার প্রদেয় বাৎসরিক ফিস জানুয়ারী মাসের ৩১ তারিখের মধ্যে পরিশোধ করিতে ব্যর্থ হইলে তাঁহাকে প্রতি মাসের বা তাহার অংশের জন্য ৫০০/- (পাঁচ শত) টাকা হারে জরিমানা প্রদান করিতে হইবে।

(৬) কোন সদস্য পর পর ৩ (তিন) বৎসর বাৎসরিক ফিস প্রদান করিতে ব্যর্থ হইলে তাঁহার সদস্য পদ বা সনদ বা, প্রযোজ্য ক্ষেত্রে, উভয়টি বাতিল করা হইবে।

১৫। প্রাইভেট প্র্যাকটিস সনদের জন্য আবেদন ও প্রাইভেট প্র্যাকটিস সনদ ইস্যুকরণ।—(১) প্রাইভেট প্র্যাকটিস করিতে আগ্রহী ফেলো সদস্যকে প্রবিধান ১৪ এর উপ-প্রবিধান (১) এর দফা (ঙ) তে বর্ণিত ফি'সহ 'ফরম-গ' অনুসারে সচিবের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সচিব অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে এতদুদ্দেশ্যে গঠিত প্রাইভেট প্র্যাকটিস সাব-কমিটির মাধ্যমে পরীক্ষা করতঃ নির্বাহী কমিটির সুপারিশসহ বিষয়টি কাউন্সিলের অব্যবহিত পরবর্তী সভায় উপস্থাপন করিবেন এবং কাউন্সিল উক্ত সুপারিশ বিবেচনা করিয়া যেকোন আবেদন মঞ্জুর বা না-মঞ্জুর করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কোন আবেদন না-মঞ্জুর করা হইলে উক্ত না-মঞ্জুর আদেশ দ্বারা কোন সদস্য সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট সদস্য ধারা ১৯ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী আদেশ জারীর ৩০(ত্রিশ) দিনের মধ্যে উহা কাউন্সিলের পুনঃবিবেচনার জন্য প্রেসিডেন্ট বরাবর আবেদন করিতে পারিবেন।

(৪) প্রেসিডেন্ট উপ-প্রবিধান (৩) এর অধীন উক্তরূপ আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত যৌক্তিকতা, সঠিকতা এবং তথ্যাদি যাচাই-বাছাই করিয়া অনধিক ১৫(পনের) দিনের মধ্যে কাউন্সিল বরাবরে সুপারিশসহ প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট নির্বাহী কমিটির নিকট প্রেরণ করিবেন এবং উক্ত কমিটি উল্লিখিত সময়সীমার মধ্যে উহার সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করিবে।

(৫) উপ-প্রবিধান (৪) অনুসারে নির্বাহী কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর উহার উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবার লক্ষ্যে সচিব, প্রেসিডেন্টের সহিত আলোচনাক্রমে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ সিদ্ধান্ত ধারা ১৯ এর উপ-ধারা (৪) এ নির্ধারিত ৪৫(পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিল কর্তৃক গৃহীত হইতে হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর অধীন প্রদত্ত কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে।

(৭) ইনস্টিটিউটের ফেলো সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক কৃত প্রাইভেট প্র্যাকটিস সনদ প্রাপ্তির আবেদন মঞ্জুরের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(৮) কোন আত্মহী সদস্যের আবেদন বা, ক্ষেত্রমত, পুনঃবিবেনার আবেদন কাউন্সিল কর্তৃক মঞ্জুর করা হইলে সচিব, কাউন্সিলের পক্ষে, ধারা ১৯ এর উপ-ধারা (৫) এর বিধান অনুসারে, সংশ্লিষ্ট সদস্যের অনুকূলে 'ফরম-ঘ' তে প্রাইভেট প্র্যাকটিস সনদ ইস্যু করিবেন।

(৯) বাৎসরিক ফিস প্রদান সাপেক্ষে প্রাইভেট প্র্যাকটিসের সনদ নবায়নযোগ্য হইবে এবং এইরূপ কোন প্রাইভেট প্র্যাকটিস সনদ নবায়ন করা হইলে সংশ্লিষ্ট সদস্যের অনুকূলে 'ফরম-ঙ' তে প্রাইভেট প্র্যাকটিস নবায়ন সনদ পত্র ইস্যু করা হইবে।

১৬। প্রাইভেট প্র্যাকটিস।—(১) ধারা ১৯ এর উপ-ধারা (৮) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত উপ-ধারার দফা (ক)-(ঙ) তে বর্ণিত সেবাসমূহ ছাড়াও কোন কোম্পানীর পক্ষে নিম্নোক্ত সেবাসমূহ প্রাইভেট প্র্যাকটিসের আওতাভুক্ত হইবে, যথাঃ।

- (ক) কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারী প্রতিষ্ঠান, সংস্থা বা কর্তৃপক্ষের নিকট প্রতিনিধি করা;
- (খ) বাণিজ্যিক বা শিল্প সম্পর্কীয় বা শ্রমিক সম্পর্কীয় বিবাদ নিষ্পত্তির নিমিত্ত প্রয়োজনীয় আরবিট্রেশন, নেগোশিয়েশন ও কনসিলিয়েশন সংশ্লিষ্ট সেবা প্রদান করা;
- (গ) বিভিন্ন কোয়াসি-জুডিশিয়াল বডি ও আরবিট্রেশন ট্রাইবুনালে কনসিলিয়েশন সেবা প্রদান করা;
- (ঘ) ইনটেলেকচুয়াল প্রপার্টি রাইট সংরক্ষণ, ব্যবস্থাপনা, মূল্যায়ন ও নিরীক্ষা সম্পর্কিত সেবা প্রদান করা;
- (ঙ) কর্পোরেট হিসাব রক্ষণ তদারককরণ ও আর্থিক প্রতিবেদন একত্রীকরণ (Compilation) এবং সংবিধিবদ্ধ হিসাব প্রতিবেদন প্রমাণীকরণ (Authentication), অডিট কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন, কার্যকরী মূলধন ও তারল্য ব্যবস্থাপনা (Working Capital & Liquidity Management), উপযুক্ত মূলধন কাঠামো নির্ধারণ, প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও মূল্যায়ন, বিনিয়োগ প্রস্তাব বিশ্লেষণ, ফিজিবিলিটি স্টাডি সম্পাদন, বাজেটীয় নিয়ন্ত্রণ, ইত্যাদি সেবা প্রদান করা;
- (চ) বিভিন্ন কোম্পানী বা সংস্থাকে আয়কর আইন এবং কাস্টমস্, এক্সাইজ ও মূল্য সংযোজন কর সম্পর্কিত আইনের আওতায় কর ব্যবস্থাপনা ও কর পরিকল্পনা সম্পর্কিত সেবা প্রদান করা, উক্ত আইনের আওতায় বিভিন্ন রিটার্ন প্রস্তুতকরণ, পরীক্ষাকরণ ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিলকরণ এবং উপযুক্ত কর্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হইয়া সংশ্লিষ্ট কোম্পানী বা সংস্থার প্রতিনিধিত্ব সেবা প্রদান করা;
- (ছ) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য বা ব্যবসায় সংস্থার সহিত যোগাযোগ রক্ষা করা ও আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত বিষয়ে উপদেষ্টামূলক সেবা প্রদান করা;
- (জ) বিভিন্ন কোম্পানী বা সংস্থাকে স্ট্যাটেজিক ব্যবস্থাপনা, জনসংযোগ, মানব সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন, শ্রম ও শিল্প সম্পর্কিত আইন প্রতিপালন এবং ব্যবস্থাপনা ক্ষেত্রে কম্পিউটার ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কিত যাবতীয় বা যেকোন প্রকার উপদেষ্টামূলক সেবা প্রদান করা; এবং
- (ঝ) কোন কোম্পানীতে নিরপেক্ষ পরিচালক (Independent Director) হিসাবে নিয়োজিত হইয়া দায়িত্ব পালন করা।

(২) যে কোন সদস্য বা নিবন্ধিত ছাত্র যেকোন প্র্যাকটিসিং সদস্যের অধীনে শিক্ষানবিস হিসাবে থাকিতে পারিবেন এবং যেকোন নিবন্ধিত ছাত্র চার্টার্ড সেক্রেটারী কোর্সের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর প্রযোজ্য বা আবশ্যিকীয় প্রশিক্ষণ (Internship) যেকোন প্র্যাকটিসিং সদস্যের অধীনে গ্রহণ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষানবিস বা প্রশিক্ষণার্থী সদস্য বা নিবন্ধিত ছাত্র প্র্যাকটিসিং চার্টার্ড সেক্রেটারী হিসাবে নিজ নাম ব্যবহার করিতে পারিবেন না।

(৩) শিক্ষানবিস বা প্রশিক্ষণার্থী সদস্য বা নিবন্ধিত ছাত্রদের ন্যূনতম সম্মানীর হার কাউন্সিল কর্তৃক, সময় সময়, নির্ধারিত হইবে।

(৪) কাউন্সিল, সময়ে সময়ে, প্রাইভেট প্র্যাকটিসের আওতা সম্প্রসারণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৭। সদস্যদের তালিকা প্রকাশ।—(১) ধারা ১৮ উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে ইনস্টিটিউটের ফেলো সদস্য ও এসোসিয়েট সদস্য এবং প্র্যাকটিসিং সদস্যগণের তালিকা তাঁহাদের ছবি, যোগাযোগের ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানাসহ সদস্যতা নম্বরের ক্রমানুসারে প্রতি বৎসর জানুয়ারি মাসের এক তারিখে বা তৎপূর্বে প্রকাশ করা হইবে।

(২) কোন সদস্য কর্তৃক তাঁহার ছবি, যোগাযোগের ঠিকানা, ফোন ও মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদির যে কোনটি ইনস্টিটিউটের সচিবের নিকট যথাসময়ে সরবরাহ করা না হইলে তাহা প্রকাশ করিবার বিষয়ে ইনস্টিটিউট, কাউন্সিল বা সচিবকে দায়ী করা যাইবে না।

১৮। ছাত্র, পরীক্ষার্থী ও প্রশিক্ষণার্থী।—(১) ধারা ১২ তে প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল, সময়ে সময়ে,—

(ক) চার্টার্ড সেক্রেটারী কোর্সের জন্য ছাত্র ভর্তি, ছাত্রদের রেজিস্ট্রেশন, শিক্ষা প্রদান ও পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নীতিমালা ও পাঠক্রম প্রণয়ন এবং ছাত্রদের প্রদেয় রেজিস্ট্রেশন ফিস, বিষয় ভিত্তিক কোচিং ফিস, পরীক্ষা ফিস ও প্রযোজ্যমত অব্যাহতি (Exemption) ফিস নির্ধারণ করিবে এবং এই সকল বিষয় স্টুডেন্টস হ্যান্ডবুকে প্রকাশ করিবে;

(খ) ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (খ) বা (গ) এর শর্ত মোতাবেক নিবন্ধিত ছাত্রদের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইবার পর প্রযোজ্য বা আবশ্যিকীয় প্রশিক্ষণ (Internship) সংক্রান্ত নীতিমালা ও ফিস নির্ধারণ করিবে; এবং

(গ) বিভিন্ন পেশাগত বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচী, প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় নীতিমালা ও প্রশিক্ষণ প্রার্থীদের প্রদেয় ফিস নির্ধারণ করিবে।

(২) কাউন্সিল, সময়ে সময়ে, উপ-প্রবিধান (১) এ বর্ণিত উল্লিখিত ফিস হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনর্নির্ধারণ করিতে বা নূতন ফিস নির্ধারণ করিতে পারিবে।

১৯। ছাত্র হিসাবে নিবন্ধনের জন্য আবেদন।—(১) ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধিত হওয়ার জন্য প্রবিধান ১৮ এর অধীন নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে 'ফরম-চ' অনুসারে সচিব বরাবরে আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাই করিয়া এবং নিবন্ধনের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সচিব নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করিবে।

২০। ছাত্র হিসাবে নিবন্ধনের যোগ্যতা।—ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধন লাভের জন্য আবেদনকারীকে প্রবিধান ১৮ এর অধীন নির্ধারিত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন হইতে হইবে।

২১। পরীক্ষা, পরীক্ষায় কৃতকার্যতার সনদপত্র, ইত্যাদি।—(১) ইনস্টিটিউটের নিবন্ধিত ছাত্রদের পরীক্ষা, পরীক্ষার পদ্ধতি এবং এতদসংক্রান্ত বিষয়াদি কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রকে 'ফরম-ছ' অনুসারে সনদপত্র প্রদান করা হইবে।

### চতুর্থ অধ্যায়

#### কাউন্সিলের সাধারণ নির্বাচন ও উপ-নির্বাচন, ইত্যাদি

২২। নির্বাচন কমিশন গঠন।—(১) কাউন্সিলের সাধারণ নির্বাচন পরিচালনার নিমিত্ত কাউন্সিল ইনস্টিটিউটের জ্যেষ্ঠ ফেলো সদস্যগণের মধ্য হইতে একজনকে চেয়ারম্যান এবং অপর দুইজন ফেলো সদস্যকে সদস্য হিসাবে নিয়োগ করিয়া একটি নির্বাচন কমিশন গঠন করিবে।

(২) কমিশনের চেয়ারম্যান ও সদস্যদ্বয় কাউন্সিলের নির্বাচনে প্রার্থী হইতে বা কোন প্রার্থীকে মনোনয়ন প্রদান বা সমর্থন প্রদান করিতে পারিবেন না, তবে কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের ভোটের হিসাবে ভোট প্রদান করিবার অধিকার থাকিবে।

(৩) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে কাউন্সিল সদস্যের এক বা একাধিক পদ শূন্য হইলে উক্ত শূন্য পদ বা পদসমূহ উপ-নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য ধারা ৯ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণার্থে কাউন্সিল উক্ত পদ বা পদসমূহ শূন্য ঘোষিত হইবার অনধিক ৩০(ত্রিশ) দিনের মধ্যে উপ-প্রবিধান (১) এর বিধান অনুসরণে একটি নির্বাচন কমিশন গঠন করিবে।

২৩। রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ।—কাউন্সিল এর নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে কমিশন ইনস্টিটিউটের ফেলো সদস্যগণের মধ্য হইতে একজনকে রিটার্নিং অফিসার এবং ইনস্টিটিউটের সচিব, অন্য কোন কর্মকর্তা বা ইনস্টিটিউটের সদস্য নহেন এমন একজনকে সহকারী রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ প্রদান করিবে।

২৪। নির্বাচনের দিন, তারিখ ও তফসিল।—(১) সংশ্লিষ্ট বৎসরের সাধারণ সভার দিনে কাউন্সিলের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) প্রবিধান ২২ এর উপ-প্রবিধান (৩) অনুসারে গঠিত কমিশন এই প্রবিধানমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক একটি তারিখ ঘোষণাক্রমে সংশ্লিষ্ট উপ-নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করিবেঃ

তবে শর্ত থাকে যে, নির্বাচন অনুষ্ঠানের সকল আনুষ্ঠানিকতা পদ শূন্য ঘোষণার বা, ক্ষেত্রমত, আইনের বিধান অনুসারে ঘোষিত হইবার তারিখ হইতে ৯০(নব্বই) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৩) নির্বাচন কমিশন মনোনয়নপত্র দাখিল, মনোনয়নপত্র বাছাই, মনোনয়নপত্র প্রত্যাহার এবং ভোট গ্রহণের দিন, তারিখ ও সময়সূচী উল্লেখপূর্বক একটি নির্বাচনী তফসিল ঘোষণা করিবে।

২৫। সদস্যগণের ভোট প্রদানের যোগ্যতা।—ইনস্টিটিউটের কোন সদস্যের নাম কাউন্সিল নির্বাচনের ৯০(নব্বই) দিন পূর্বে রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকিলে তিনি নির্বাচনে ভোট প্রদানের অধিকারী হইবেন এবং তাঁহার নাম সংশ্লিষ্ট নির্বাচনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, কোন সদস্যের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হইবে না যদি

(ক) ধারা ১৮ এর উপ-ধারা (৫) এর অধীন তাঁহার নির্ধারিত বাৎসরিক ফি অপরিশোধিত থাকে; বা

(খ) নির্বাচনের পূর্বে কোন কারণবশতঃ তাঁহার নাম রেজিস্টার হইতে বাদ দেওয়া হয়।

২৬। নির্বাচন পদ্ধতি।—(১) নির্বাচনের তারিখ ঘোষিত হইলে কমিশন নোটিশ দ্বারা সদস্যগণকে উক্ত তারিখ সম্পর্কে অবহিত করিবে এবং নির্বাচনের অনূন ৬০(ষাট) দিন পূর্বে শূন্য পদ ও যোগ্য ভোটারদের তালিকা সদস্যগণের নিকট প্রেরণ করিবে।

(২) কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী নির্বাচনে আত্মহী প্রার্থীগণকে ‘ফরম-জ’ তে মনোনয়ন প্রদান করিয়া নির্বাচন কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) একজন সদস্য কোন প্রার্থীর নাম প্রস্তাব করিবেন, অপর দুইজন সদস্য উহা সমর্থন করিবেন এবং প্রার্থী নিজে লিখিতভাবে এই মর্মে ঘোষণা প্রদান করিবেন যে, তিনি প্রার্থী হইতে ইচ্ছুক এবং নির্বাচিত হইলে ইনস্টিটিউটের স্বার্থ সংরক্ষণ ও মর্যাদা রক্ষা এবং সকল দায়-দায়িত্ব পালনসহ ইনস্টিটিউটকে নিয়মানুযায়ী সেবা প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, প্রস্তাবক ও সমর্থনকারীকে সংশ্লিষ্ট নির্বাচনে ভোটার হইতে হইবে।

(৪) মনোনয়ন পত্রের বা ফরমের মূল্য হইবে ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরৎযোগ্য), তবে কাউন্সিল, সময়ে সময়ে, উক্ত ফরমের মূল্য হ্রাস বা বৃদ্ধি করিয়া পুনঃনির্ধারণ করিতে পারিবে।

২৭। মনোনীত প্রার্থীগণের তালিকা প্রকাশ।—মনোনয়নপত্র জমাদানের শেষ দিন অতিবাহিত হইবার পর তফসিল অনুযায়ী মনোনীত প্রার্থীগণের নাম, বিবরণ, প্রস্তাবক ও সমর্থনকারীগণের নাম এবং অন্যান্য তথ্যাদি সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন নির্দিষ্ট স্থানে নোটিশ বোর্ডে স্থাপন করিতে হইবে।

২৮। মনোনয়নপত্র পরীক্ষণ ও বাছাই।—(১) রিটার্নিং অফিসার তফসিলে উল্লিখিত দিন ও সময়ে সদস্যগণের উপস্থিতিতে, যদি কেহ থাকেন, সকল মনোনয়নপত্র পরীক্ষা ও বাছাই করিবেন এবং কোন সদস্যের কোন মনোনয়নে আপত্তি উত্থাপিত হইলে তাহার সিদ্ধান্ত প্রদান করিবেন।

(২) প্রার্থীগণ, তাহাদের প্রস্তাবক ও সমর্থনকারীগণ এবং অন্য কোন সদস্য, প্রতি প্রার্থীর বিপরীতে দুইয়ের অধিক নহে, মনোনয়নপত্র বাছাই ও পরীক্ষা পর্বে উপস্থিত থাকিতে পারিবেন এবং রিটার্নিং অফিসার মনোনয়নপত্র বাছাই ও পরীক্ষণকালে যুক্তিসঙ্গত অভিযোগ উত্থাপন ও অভিযোগের ব্যাখ্যা দানের সুযোগ প্রদান করিবেন।

(৩) রিটার্নিং অফিসার স্বতঃপ্রণোদিত হইয়া বা কোন অভিযোগের ভিত্তিতে উপযুক্ত তদন্ত শেষে যে কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারিবেন, যদি তিনি নিশ্চিত হন যে—

- (ক) প্রার্থীর কাউন্সিল নির্বাচনের যোগ্যতা নাই;
- (খ) প্রস্তাবক এবং সমর্থনকারী ভোটার নহেন;
- (গ) প্রার্থী কর্তৃক আইন বা এই প্রবিধানমালার কোন বিধান লঙ্ঘিত হইয়াছে; বা
- (ঘ) কোন প্রস্তাবক বা সমর্থনকারীর স্বাক্ষর সঠিক নহে অথবা বলপূর্বক বা প্রতারণাপূর্বক তাহা আদায় করা হইয়াছেঃ

তবে শর্ত থাকে যে,—

- (অ) রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র এমন কোন কারণে বাতিল করিবেন না, যাহা মারাত্মক নহে এবং সঙ্গে সঙ্গে সংশোধন করা যায়; এবং
- (আ) রিটার্নিং অফিসার ভোটার তালিকায় কোন নামের শুদ্ধতা বা সঠিকতা যাচাই করিবেন না।

(৪) রিটার্নিং অফিসার প্রত্যেক মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করিয়া স্বাক্ষর প্রদান করিবেন এবং বাতিলের ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক সংক্ষিপ্ত বিবরণ প্রদান করিবেন।

(৫) কোন প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল করা হইলে এইরূপ বাতিলের ৩(তিন) দিনের মধ্যে কমিশনের নিকট আপীল করা যাইবে এবং এতদ্বিষয়ে কমিশনের আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৯। বাছাইকৃত প্রার্থীগণের তালিকা প্রকাশ।—প্রবিধান ২৮ অনুযায়ী প্রার্থী বাছাই শেষে কমিশন তফসিল অনুযায়ী যোগ্য মনোনীত প্রার্থীগণের নাম, সদস্য নম্বর ও ঠিকানাসহ পূর্ণ তালিকা নির্বাচনের জন্য প্রস্তুত ও প্রকাশ করিবে।

৩০। প্রার্থিতা প্রত্যাহার।—(১) কোন প্রার্থীর মনোনয়নপত্র সঠিক বলিয়া গৃহীত হওয়ার পর তফসিলে উল্লিখিত সময়ের মধ্যে কমিশনের বরাবর লিখিত ও স্বয়ং স্বাক্ষরিত নোটিশের মাধ্যমে প্রার্থিতা প্রত্যাহার করা যাইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত নোটিশ কোনক্রমেই প্রত্যাহার করা যাইবে না।

৩১। প্রতিদ্বন্দ্বিতাবিহীন নির্বাচন।—(১) কোন নির্বাচনে বা উপ-নির্বাচনে যোগ্য প্রার্থীর সংখ্যা নির্বাচিতব্য প্রার্থীর সংখ্যার সমান বা কম হইলে রিটার্নিং অফিসার এতদ্বিষয়ে একটি বিবরণী প্রস্তুতপূর্বক কমিশন সম্মুখে উপস্থাপন করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন রিটার্নিং অফিসারের নিকট হইতে বিবরণী প্রাপ্তির পর কমিশন, নির্বাচন অনুষ্ঠান ব্যতিরেকে, উপস্থাপিত বিবরণী অনুসারে যোগ্য প্রার্থী বা প্রার্থীগণকে নির্বাচিত বলিয়া ঘোষণা করিবে।

৩২। প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা প্রকাশ।—কোন নির্বাচনে বা উপ-নির্বাচনে যোগ্য প্রার্থীর সংখ্যা নির্বাচিতব্য প্রার্থীর সংখ্যা অপেক্ষা অধিক হইলে কমিশন প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রস্তুত করিয়া উহা তফসিলে উল্লিখিত দিনে প্রকাশ করিবে।

৩৩। নির্বাচনের পূর্বে কোন সদস্যের মৃত্যু হইলে বা সদস্যপদ রহিত হইলে।—মনোনয়নপত্র গৃহীত হওয়ার পর নির্বাচন অনুষ্ঠানের পূর্বে যদি কোন প্রার্থী মৃত্যুবরণ করেন বা কোন কারণে কোন প্রার্থীর সদস্যপদ রহিত বা বাতিল হয়, সেইক্ষেত্রে কেবল অবশিষ্ট প্রার্থীগণের প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৩৪। ভোটের পদ্ধতি।—(১) নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে, যথাঃ।

(ক) কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত ভোটকেন্দ্রে সদস্যগণ সশরীর উপস্থিত হইয়া গোপন ব্যালটের মাধ্যমে ভোট প্রদান করিবেন।

(খ) নির্বাচনী তফসিল ঘোষণার পূর্বে দেশের বাহিরে অবস্থানকারী সদস্যগণের জন্য কমিশন কর্তৃক শর্তাবলী ও নিয়মাবলী নির্ধারণ করা হইলে তাঁহারা গোপন ডাক ব্যালটের মাধ্যমে বা অন-লাইনে ভোট প্রদান করিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোট কেন্দ্রের সহজে দৃশ্যমান হয় এইরূপ কোন স্থানে ভোট প্রদানের সাধারণ নিয়মাবলী ও পদ্ধতি প্রদর্শিত থাকিবে।

৩৫। ব্যালট পেপার।—(১) নির্বাচন কমিশন ব্যালট পেপারের ফরম নির্ধারণ করিবে।

(২) ব্যালট পেপারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম সদস্যক্রম অনুযায়ী স্ট্যাম্প সাইজ ফটোসহ মুদ্রিত হইবে এবং প্রতিদ্বন্দ্বী প্রত্যেক প্রার্থীর নামের পার্শ্বে ভোট প্রদানের নিমিত্ত একটি বর্গাকার খালি জায়গা থাকিবে।

(৩) প্রত্যেক ব্যালট পেপারে নির্বাচন কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের স্বাক্ষর ও কমিশনের সীল থাকিবে।

৩৬। ভোট গণনা।—(১) ভোট গ্রহণের সময়সীমা উত্তীর্ণ হইবার পর কমিশন,—

(ক) ব্যালট বাস্তব বা বাস্তবসমূহ খুলিবে এবং ব্যালট পেপার গণনা আরম্ভ করিবে; এবং

(খ) একটি বিবরণী প্রস্তুত করিবে যাহাতে প্রত্যেক প্রতিদ্বন্দ্বীর প্রাপ্ত সঠিক ভোটের সংখ্যা ও বাতিলকৃত ভোটের সংখ্যা উল্লেখ থাকিবে।

(২) কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ এবং রিটার্নিং অফিসার উপ-প্রবিধান (১) এর দফা (খ) অনুসারে প্রস্তুতকৃত বিবরণীতে স্বাক্ষর প্রদান করিবেন।

৩৭। নির্বাচনী ফলাফল সম্পর্কিত সিদ্ধান্ত ও ঘোষণা।—নির্বাচন কমিশন কাউন্সিলে যতগুলি সদস্য পদ শূন্য থাকিবে ততজন প্রার্থীকে প্রাপ্ত ভোট সংখ্যার ভিত্তিতে নির্বাচিত ঘোষণা করিবে এবং দুই বা ততোধিক প্রার্থী সম সংখ্যক ভোট প্রাপ্ত হইলে লটারির ভিত্তিতে নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা করিবে।

৩৮। নির্বাচনী ফলাফলের নোটিশ প্রদান।—নির্বাচনের অনধিক ৭(সাত) দিনের মধ্যে সচিব প্রবিধান ৩৭ অনুসারে ঘোষিত নির্বাচিত প্রার্থীগণের তালিকা অফিসিয়াল নোটিশ আকারে ইনস্টিটিউটের সদস্যগণের বরাবর প্রেরণ করিবেন এবং নোটিশ বোর্ডে প্রদর্শন করিবেন।

৩৯। নির্বাচন সম্পর্কিত শৃঙ্খলা।—(১) কোন প্রার্থীর নিম্নবর্ণিত এক বা একাধিক কার্য নির্বাচনী শৃঙ্খলা ভঙ্গ বলিয়া গণ্য হইবে, যথা—

(ক) নির্বাচন প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোন সদস্যকে—

(অ) ঘুষ প্রদান করা বা দান করা বা দান করার প্রস্তাব করা বা প্রতিজ্ঞা করা;

(আ) প্রার্থী হওয়া বা প্রার্থী না হওয়া বা প্রার্থিতা প্রত্যাহার করার প্রস্তাব করা;

(ই) ভোট প্রদান বা ভোট প্রদানে বিরত থাকার প্রস্তাব করা; বা

(ঈ) মেনিফেস্টো জাতীয় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া বা দল গঠন করতঃ ভোটারগণকে আনন্দ প্রদান করা।

(খ) নির্বাচনী অধিকার রক্ষার নামে অনুচিত প্রভাব বিস্তার করা;

[ব্যাখ্যাঃ—অনুচিত প্রভাব অর্থ কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষ হস্তক্ষেপ করা বা করিবার প্রচেষ্টা; তবে পলিসি ঘোষণা বা আইনগত অধিকারের নামে হস্তক্ষেপ করিবার ইচ্ছা ব্যতীত কোন কাজের প্রতিজ্ঞা করা হস্তক্ষেপ হিসাবে গণ্য হইবে না।]

(গ) নির্বাচনে কোন প্রার্থীর ফলাফল বা ভাবমূর্তি বিনষ্ট করিবার উদ্দেশ্যে কোন মিথ্যা বিবৃতি প্রচার করা অথবা সত্য নহে ও মিথ্যা জানিয়াও কোন প্রার্থীর ব্যক্তিগত চরিত্র হনন বা প্রার্থিতা প্রত্যাহার সম্পর্কে মিথ্যা বিবৃতি প্রচার করা;

(ঘ) প্রার্থী স্বয়ং বা কোন প্রার্থীর যোগসাজসে কোন প্রার্থীর পক্ষে ভোট পাইতে বা ভোট সংগ্রহ করিতে অথবা নির্বাচনে কোন প্রার্থীর বিজয় নিশ্চিত করিতে পদক্ষেপ গ্রহণ করা;

(ঙ) পুরস্কার হিসাবে কিছু গ্রহণ করা বা পাওয়ার নিমিত্ত নিম্নবর্ণিত যেকোন বিষয়ে অঙ্গীকার করা—

(অ) নির্বাচনে প্রার্থী হওয়া বা প্রার্থী না হওয়া বা প্রার্থিতা প্রত্যাহার করা; বা

(আ) কোন ভোটারকে ভোট প্রদান করিতে, ভোট দানে বিরত থাকিতে বা কোন প্রার্থীর প্রার্থিতা প্রত্যাহার করিতে প্ররোচিত করা বা প্ররোচনার প্রচেষ্টা চালানো; এবং

(চ) এই অধ্যায়ের কোন বিধি পালন করিতে গিয়া অন্য কোন বিধি লঙ্ঘন বা অপব্যবহার করা বা মিথ্যা জানিয়া বা সত্য নহে জানিয়াও মিথ্যা বিবৃতি প্রদান করা।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত যেকোন কাজ নির্বাচনের কোন প্রার্থী বা কোন সদস্য বা সদস্য নহে এমন কোন ব্যক্তি কর্তৃক স্বয়ং বা কোন প্রার্থীর যোগসাজসে করা হইলে কাউন্সিল সেই সদস্যের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

#### পঞ্চম অধ্যায়

#### স্থায়ী কমিটি ও সাব-কমিটি গঠন ও পরিচালনা

৪০। স্থায়ী কমিটি গঠন।—(১) ধারা ১৩ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল নিম্নবর্ণিত স্থায়ী কমিটিসমূহ গঠন করিতে পারিবে, যথাঃ—

(ক) নির্বাহী কমিটি (Executive Committee);

(খ) সদস্যতা ও নিবন্ধন কমিটি (Membership & Registration Committee);

(গ) শিক্ষা কমিটি (Education Committee);

(ঘ) পরীক্ষা কমিটি (Examination Committee)

(ঙ) গবেষণা ও উন্নয়ন কমিটি (Research & Development Committee);

(চ) শৃঙ্খলা রক্ষা কমিটি (Disciplinary Committee);

(ছ) অডিট কমিটি (Audit Committee); এবং

(জ) প্রয়োজনীয় অন্য কোন স্থায়ী কমিটি।

(২) কাউন্সিলের নির্বাচিত ও মনোনীত সদস্যগণের মধ্য হইতে অন্যান ৩(তিন) এবং অনধিক ৬(ছয়) জন সদস্য সমন্বয়ে প্রতিটি স্থায়ী কমিটি গঠিত হইবে এবং নির্বাহী কমিটি ব্যতীত অন্যান্য প্রতিটি স্থায়ী কমিটির চেয়ারম্যান কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারার অডিট কমিটির চেয়ারম্যান বা সদস্য হইতে পারিবেন না।

(৩) প্রেসিডেন্ট নির্বাহী কমিটির চেয়ারম্যান হইবেন।

(৪) সচিব প্রতিটি স্থায়ী কমিটিতে সচিবের দায়িত্ব পালন করিবেন।

৪১। সাব-কমিটি গঠন।—(১) ধারা ১৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল উহার স্থায়ী কমিটিসমূহের অধীনে নিম্নরূপ সাব-কমিটি গঠন করিতে পারিবে, যথাঃ—

(ক) নির্বাহী কমিটির অধীনে—

(অ) চার্টার্ড সেক্রেটারীজ রেগুলেশন্স সাব-কমিটি (Chartered Secretaries Regulations Sub-Committee);

(আ) জার্নাল ও পাবলিকেশন্স সাব-কমিটি (Journal & Publication Sub-Committee);

(ই) আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সাব-কমিটি (International Relations Sub-Committee); ও

(ঈ) সেক্রেটারীয়াস প্র্যাকটিস সাব-কমিটি (Secretarial Practice Sub-Committee);

(খ) শিক্ষা কমিটির অধীনে—

(অ) পেশাগত উন্নয়ন সাব-কমিটি (Professional Development Sub-Committee);

(আ) সেমিনার ও কনফারেন্স সাব-কমিটি (Seminar & Conference Sub-Committee);

(ই) সিলেবাস ও পাঠ্যক্রম পর্যালোচনা সাব-কমিটি (Syllabus & Curriculum Review Sub-Committee); ও

(ঈ) ইনফরমেশন টেকনোলজি বিষয়ক সাব-কমিটি (Information Technology Sub-Committee); এবং

(গ) গবেষণা ও উন্নয়ন কমিটির অধীনে—

(অ) কর্পোরেট আইন পর্যালোচনা সাব-কমিটি (Corporate Laws Review Sub-Committee);

(আ) কর্পোরেট গভার্নেন্স এওয়ার্ড সাব-কমিটি (Corporate Governance Award Sub-Committee); ও

(ই) সদস্যদের কল্যাণ ও বিনোদন সাব-কমিটি (Members' Welfare & Recreation Sub-Committee)।

(২) কাউন্সিল, প্রয়োজনে, উপ-প্রবিধান (১) এ বর্ণিত সাব-কমিটিসমূহ ছাড়াও যে-কোন উদ্দেশ্যে উক্ত উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ এবং অন্যান্য সাব-কমিটির সহিত অসঙ্গতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রয়োজনে অন্যান্য সাব-কমিটি গঠন করিতে পারিবে।

(৩) সংশ্লিষ্ট স্থায়ী কমিটির এক বা একাধিক সদস্য এবং প্রয়োজনীয় সংখ্যক ফেলো ও এসোসিয়েট সদস্য সমন্বয়ে প্রতিটি সাব-কমিটি গঠিত হইবে এবং প্রতিটি সাব-কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিব কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) বিভিন্ন সাব-কমিটির কার্যপরিধি, সময়ে সময়ে, কাউন্সিল কর্তৃক নির্দিষ্টকৃত হইবে।

৪২। বিভিন্ন কমিটির সভার কার্য নির্বাহ করার পদ্ধতি, সময় ও স্থান—(১) সাধারণভাবে বিভিন্ন কমিটির কার্যাবলী সংশ্লিষ্ট কমিটির সভায় নির্বাহ করা হইবে:

তবে শর্ত থাকে যে, জরুরী অবস্থায় কোন বিষয়ে দ্রুত সিদ্ধান্ত বা পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হইলে চেয়ারম্যান তাঁহার কমিটির সদস্যগণের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত ও পদক্ষেপ গ্রহণ করিতে পারিবেন, যাহা সংশ্লিষ্ট কমিটির পরবর্তী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিতে হইবে।

(২) সংশ্লিষ্ট কমিটির চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে উহার সভা অনুষ্ঠিত হইবে।

(৩) কমিটির চেয়ারম্যান কমিটির সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে কমিটির যেকোন সদস্যকে সভাপতি নির্বাচন করিয়া সভা সম্পন্ন করা যাইবে।

(৪) প্রতিটি কমিটির সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) স্থায়ী কমিটির প্রতিবেদন ও সুপারিশসমূহ কাউন্সিলে এবং সাব-কমিটির প্রতিবেদন ও সুপারিশসমূহ সংশ্লিষ্ট স্থায়ী কমিটিতে উপস্থাপন করিতে হইবে।

(৬) কমিটির দুইজন সদস্যের লিখিত অনুরোধে কমিটির চেয়ারম্যান যেকোন সময় কমিটির তলবী সভা আহ্বান করিতে পারিবেন, তবে কমিটির প্রত্যেক সদস্যকে কমপক্ষে ৫(পাঁচ) দিন পূর্বে এইরূপ সভার নোটিশ প্রদান করিতে হইবে।

(৭) কমিটির চেয়ারম্যান কমিটির যেকোন সভা বাতিল করিয়া যেকোন তারিখে বা স্থানে ঐ সভা আহ্বান করিতে পারিবেন।

(৮) উপ-প্রবিধান (৭) এর অধীন বাতিলকৃত সভার নোটিশ সাধারণতঃ কমপক্ষে ৫(পাঁচ) দিন পূর্বে কমিটির সদস্যগণের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ করিতে হইবে।

(৯) নির্বাহী কমিটির সভায় ৪(চার) জন ও অন্যান্য কমিটির সভায় ৩(তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম হইবে। নির্ধারিত সময়ের অর্ধ ঘন্টার মধ্যে যদি কোরাম না হয় তাহা হইলে ঐ সভা মূলতবী হইবে এবং কমিটির চেয়ারম্যান যে তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিবেন সেই তারিখ, সময় ও স্থানে ঐ মূলতবী সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিটির মূলতবী সভা অনুষ্ঠানের জন্য কোরামের প্রয়োজন হইবে না।

(১০) কমিটির সকল সিদ্ধান্ত সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে গৃহীত হইবে; তবে ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান, বা প্রযোজ্য ক্ষেত্রে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক (casting) ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(১১) কাউন্সিল যেকোন স্থায়ী বা সাব-কমিটির সিদ্ধান্ত পর্যালোচনা করিতে পারিবে এবং যেকোন বিষয়ে স্থায়ী বা সাব-কমিটির সিদ্ধান্ত ও কাউন্সিলের সিদ্ধান্তের মধ্যে বিরোধ দেখা দিলে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হইবে।

৪৩। বিভিন্ন কমিটির কার্যপরিধি।—(১) নির্বাহী কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) কাউন্সিলের অফিস রক্ষণাবেক্ষণ এবং তদুদ্দেশ্যে সচিব ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী নিয়োগ প্রদান, বরখাস্তকরণ, ডিসচার্জকরণ বা পুনঃনিয়োগ প্রদান;
- (খ) প্রেসিডেন্ট, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট ও ট্রেজারার কর্তৃক এক বা একাধিক কাজ সম্পাদনের জন্য তাঁহাদিগকে সম্মানী ভাতা প্রদানের সুপারিশকরণ;
- (গ) কাউন্সিলের পক্ষে সচিবের সমুদয় কাজের জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- (ঘ) ইনস্টিটিউটের সকল সম্পদ ও তহবিল সংরক্ষণ ও নিয়ন্ত্রণ;
- (ঙ) ইনস্টিটিউটের বাৎসরিক বাজেট, বিভিন্ন খাতে বরাদ্দ হোস-বৃদ্ধি, বিভিন্ন কাজের জন্য প্রস্তাবিত বিশেষ বাজেট এবং কাউন্সিলে ট্রেজারার ও সচিব কর্তৃক উপস্থাপিত বিভিন্ন প্রতিবেদন ও প্রস্তাবের উপর পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (চ) চার্টার্ড সেক্রেটারীজ রেগুলেশন্স, আন্তর্জাতিক সম্পর্ক প্রতিষ্ঠা, জার্নাল ও সাময়িকী প্রকাশ, সেক্রেটারীয়াল স্ট্যান্ডার্ড নির্ধারণ ও বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে কার্যাদি সম্পাদন নিশ্চিতকরণ;
- (ছ) কমিটির কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও তাঁহাদের প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;
- (জ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(২) সদস্যতা ও নিবন্ধন কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) এসোসিয়েট ও ফেলো সদস্যের অন্তর্ভুক্তি সম্পর্কিত আবেদন পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (খ) প্রাইভেট প্র্যাকটিসের আবেদন পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (গ) রেজিস্টারে যেকোন সদস্যের নাম অপসারণ ও পুনঃঅন্তর্ভুক্তি সম্পর্কিত বিষয় পর্যালোচনা ও সুপারিশকরণ;

- (ঘ) প্রাইভেট প্র্যাকটিসের সনদ রহিতকরণ সম্পর্কিত বিষয় পর্যালোচনা ও সুপারিশকরণ;
- (ঙ) সদস্যগণের তালিকা প্রকাশকরণ;
- (চ) সদস্যতার সনদ ও প্রাইভেট প্র্যাকটিসের সনদ ইস্যুকরণ;
- (ছ) কাউন্সিলের পাওয়া তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট সদস্যের বিরুদ্ধে মামলা রুজুকরণ ও পরিচালনা;
- (জ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।
- (৩) শিক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—
- (ক) কাউন্সিল নির্ধারিত নীতিমালা অনুসরণপূর্বক ছাত্রদের নিবন্ধন ও ভর্তিকরণ সম্পর্কিত বিষয় নিষ্পত্তিকরণ;
- (খ) কাউন্সিল কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হইবে এমন সকল বিষয়ে নিবন্ধিত ছাত্রদের জন্য কোচিং ও অন্যান্য সুবিধা প্রদান;
- (গ) লাইব্রেরী সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় বই, ম্যাগাজিন, সরঞ্জামাদি ও বিভিন্ন উপকরণ ক্রয়;
- (ঘ) প্রয়োজনে, সময়ে সময়ে, ইনস্টিটিউটের বিদ্যমান সিলেবাসের সংশোধনী বা পরিমার্জন সম্পর্কিত বিষয়ে সুপারিশকরণ;
- (ঙ) ছাত্রদের নিবন্ধন ও ভর্তিকরণের ক্ষেত্রে সরকারী বা আধা-সরকারী প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট ও অন্যান্য কর্তৃপক্ষের অধীন উত্তীর্ণ শিক্ষার্থীদের অব্যাহতি (Exemption) প্রদানের বিষয়ে কাউন্সিল নির্ধারিত নীতিমালা অনুসরণ এবং এতদসংক্রান্ত নীতিমালা সংশোধনীর প্রয়োজন হইলে সেই বিষয়ে সুপারিশকরণ;
- (চ) চার্টার্ড সেক্রেটারী পেশার উন্নয়নের নিমিত্ত পেশাগত প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স আয়োজন, ইনফরমেশন টেকনোলজির ব্যবহার, কর্পোরেট আইন পর্যালোচনা, ইত্যাদি যাবতীয় কার্যাদি বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- (ছ) বিভিন্ন সরকারী, আধা-সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গকে পেশাগত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থাকরণ;
- (জ) উপরি-উক্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও তাঁহাদের প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;
- (ঝ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৪) পরীক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) পরীক্ষা গ্রহণ সম্পর্কিত যাবতীয় কার্যাবলী সম্পন্ন করা, যথা- পরীক্ষার্থীদের নিবন্ধন, পরীক্ষার সময়সূচী নির্ধারণ, পরীক্ষা কেন্দ্র স্থিরকরণ, প্রত্যেক কেন্দ্রের জন্য তত্ত্বাবধায়ক (Superintendent) ও পরিদর্শক (Invigilator)-সহ প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান ও তাঁহাদের সম্মানী নির্ধারণ;
- (খ) বিষয়ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন, মডারেটকরণ ও প্রস্তুতকরণ ও এতদুদ্দেশ্যে নিয়োগ প্রদানের নিমিত্ত প্রশ্নপত্র প্রণেতা ও মডারেটরগণের তালিকা চূড়ান্তকরণ এবং নিয়োগ প্রদানের নিমিত্ত প্রত্যেক বিষয়ের উত্তরপত্র পরীক্ষকের তালিকা চূড়ান্তকরণ ও তাঁহাদের সম্মানী নির্ধারণ;
- (গ) পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ও কাউন্সিল কর্তৃক অনুমোদনের নিমিত্ত সুপারিশকরণ এবং কাউন্সিলের অনুমোদনক্রমে ফলাফল ঘোষণাদান;
- (ঘ) সাধারণভাবে পরীক্ষার সঠিক মান ও আচরণ নিশ্চিতকরণ;
- (ঙ) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা-বৃত্তি, পুরস্কার বা আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সুপারিশকরণ;
- (চ) সরকারী বা আধা-সরকারী প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য কর্তৃপক্ষ হইতে ইনিস্টিটিউটের পরীক্ষা পাশের স্বীকৃতি আদায়করণ এবং পারস্পরিক সমঝোতার ভিত্তিতে শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি বা অন্য কোনভাবে অব্যাহতি (Exemption) প্রদানের বিষয়ে সুপারিশকরণ;
- (ছ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৫) গবেষণা ও উন্নয়ন কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) চার্টার্ড সেক্রেটারী পেশার সহিত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় গবেষণা কার্য পরিচালনার নিমিত্ত একটি গবেষণা স্কীম প্রণয়ন এবং গবেষণা ও উন্নয়ন কার্যের সকল বিষয়ে কাউন্সিলের নিকট সুপারিশকরণ;
- (খ) চার্টার্ড সেক্রেটারী পেশার সহিত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় গবেষণা কার্য পরিচালনার জন্য সদস্যগণকে দিক নির্দেশনা ও উৎসাহ প্রদান এবং এতদুদ্দেশ্যে কাউন্সিল সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তিকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সুপারিশকরণ;
- (গ) কাউন্সিলের অনুমতি সাপেক্ষে গবেষণা পুস্তিকা ও অন্যান্য সাহিত্য প্রকাশকরণ বা সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনার ব্যবস্থাকরণ;

- (ঘ) কর্পোরেট আইন, বিধি ও উপ-বিধি প্রয়োগ এবং প্রতিপালনে কর্পোরেট সেক্রেটারীয়াস কাঙ্গে কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা, হিসাব ব্যবস্থাপনা এবং খরচ সংক্রান্ত বিষয়ে ব্যাখ্যা প্রদান;
- (ঙ) চার্টার্ড সেক্রেটারী পেশার উন্নয়নের নিমিত্ত পেশাগত প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্স আয়োজন, ইনফরমেশন টেকনোলজি ব্যবহার, আন্তর্জাতিক সম্পর্ক প্রতিষ্ঠা, সেক্রেটারীয়াস স্ট্যান্ডার্ড নির্ধারণ ও বাস্তবায়ন, কর্পোরেট আইন পর্যালোচনা, কর্পোরেট গভার্নেন্স ও উৎকর্ষতা পর্যালোচনা এবং সদস্যদের কল্যাণ ও বিনোদন সম্পর্কিত প্রয়োজনীয় যাবতীয় কার্যাদি বাস্তবায়ন;
- (চ) কমিটির কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কাউন্সিল কর্তৃক গঠিত বা গঠিতব্য বিভিন্ন সাব-কমিটির কার্যাদি তদারককরণ ও বিভিন্ন সাব-কমিটির প্রতিবেদন ও সুপারিশের ভিত্তিতে কাউন্সিল বরাবর প্রতিবেদন উপস্থাপন ও সুপারিশকরণ;
- (ছ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।
- (৬) শৃঙ্খলা রক্ষা কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—
- (ক) যে-কোন সদস্যের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে তথ্য অনুসন্ধান ও তদন্ত কার্য পরিচালনা, এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে তদন্ত কমিটি গঠন, তদন্ত কমিটির কার্যপরিধি নির্ধারণ, তদন্ত কমিটির সুপারিশসহ প্রতিবেদন গ্রহণ এবং উক্ত সুপারিশের ভিত্তিতে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে কাউন্সিল বরাবর সুপারিশ উপস্থাপন অথবা, প্রয়োজনে, পুনঃতদন্তের ব্যবস্থা গ্রহণ;
- (খ) আইনে উল্লিখিত কোন পেশাগত অসদাচরণ কোন সদস্য বা সদস্যগণের মধ্যে পরিলক্ষিত হয় কিনা সেই বিষয়ে, সময়ে সময়ে, তদন্তকরণ ও কাউন্সিলের নিকট গোপনীয়ভাবে তদন্ত প্রতিবেদন উপস্থাপন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে তদন্ত কমিটি গঠন, তদন্ত কমিটির কার্যপরিধি নির্ধারণ ও তদন্ত কমিটির সুপারিশসহ প্রতিবেদন গ্রহণ এবং উক্ত সুপারিশের ভিত্তিতে পরবর্তী করণীয় নির্ধারণের লক্ষ্যে কাউন্সিল বরাবর সুপারিশ উপস্থাপন অথবা, প্রয়োজনে, পুনঃতদন্তের ব্যবস্থা গ্রহণ;
- (গ) কাউন্সিলের পক্ষে ধারা ২১ এর উদ্দেশ্য পূরণকল্পে যেকোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) চার্টার্ড সেক্রেটারীগণের মধ্যে এবং ইনস্টিটিউটের শৃঙ্খলা রক্ষার বিষয়ে যেকোন সুপারিশ কাউন্সিলে উপস্থাপন;
- (ঙ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৭) অডিট কমিটি নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ—

- (ক) ইনস্টিটিউটের হিসাব প্রতিবেদনসমূহ পর্যালোচনা করিয়া মতামত, পর্যবেক্ষণ ও সুপারিশ সংবলিত প্রতিবেদন কাউন্সিলে উপস্থাপন;
- (খ) নিরীক্ষক ফার্ম নিয়োগ, পুনঃনিয়োগ বা পরিবর্তন সম্পর্কিত বিষয়ে প্রয়োজনীয় উপদেশ ও সহায়তা প্রদান;
- (গ) নিরীক্ষক ফার্ম কর্তৃক উপস্থাপিত নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করিয়া উহাতে আপত্তি থাকিলে তাহা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- (ঘ) কাউন্সিলের চাহিদা মোতাবেক বাৎসরিক, সাময়িক বা বিশেষ বাজেট পর্যালোচনা করিয়া প্রতিবেদন কাউন্সিলে উপস্থাপন;
- (ঙ) কাউন্সিল কর্তৃক, সময়ে সময়ে, অর্পিত যেকোন দায়িত্ব সম্পাদন।

(৮) সাব-কমিটিসমূহের কার্য-পরিধি, সময়ে সময়ে, কাউন্সিল কর্তৃক নির্ধারিত, অনুমোদিত বা পুনঃনির্ধারিত হইবে।

৪৪। ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ।—এই প্রবিধানমালা প্রবর্তনের পর কাউন্সিল, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার বাংলা পাঠের ইংরেজীতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## ফরম-ক

[প্রবিধান ১৩(১) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

ইনস্টিটিউটের এসোসিয়েট/ফেলো সদস্য হইবার জন্য আবেদনপত্র  
(অফিসের ব্যবহারের জন্য)

প্রাপ্তির তারিখ	আবেদন নং	সদস্য নং

সচিব,  
ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

প্রিয় মহোদয়,  
আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের একজন এসোসিয়েট/ফেলো সদস্য হিসাবে আমার নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করিতেছি।

## অংশ-ক

- ১। পূর্ণ নাম:-----
২. পিতার নাম: -----
৩. মাতার নাম:-----
৪. ঠিকানা (এই ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে অনতিবিলম্বে ইনস্টিটিউটে জানাইতে হইবে):  
(ক) স্থায়ী:-----  
(খ) বর্তমান:-----  
(গ) পেশাগত:-----
৫. জন্ম তারিখ:-----বর্তমান বয়স:-----
৬. ধর্ম:-----
৭. জাতীয়তা:-----
৮. শিক্ষাগত যোগ্যতা (সনদপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে) :

ক্রমিক	পরীক্ষা	প্রতিষ্ঠান	বিভাগ/শ্রেণী	পাশের বছর

৯. পেশাগত যোগ্যতা (সনদপত্রের অনুলিপি জমা দিতে হইবে) :

ইনস্টিটিউটের নাম	পরীক্ষার নাম	রোল নং	পাশের মাস ও বছর

অংশ-খ

১০. বর্তমান চাকুরী:

- (ক) চাকুরীদাতার নাম:-----
- (খ) ঠিকানা:-----
- (গ) পদবী:-----
- (ঘ) প্রতিষ্ঠানের প্রকার (সরকারী/আধা-সরকারী/কর্পোরেশন/প্রাইভেট/বহুজাতিক/এনজিও/ অন্যান্য (নির্দিষ্ট করিয়া বলুন):
- (ঙ) প্রতিষ্ঠানের এমপ্লয়ীর সংখ্যা:-----
- (চ) আবেদনকারীর অধীন এমপ্লয়ীর সংখ্যা:-----
- (ছ) প্রধানের সহিত প্রার্থীর অবস্থান:-----
- (জ) নিয়োগের তারিখ:-----
- (ঝ) বর্তমান পদে পদোন্নতির তারিখ:-----

১১. তিনজন রেফারীর নাম ও ঠিকানা (কমপক্ষে দুইজন ইনস্টিটিউটের সদস্য হইতে হইবে):

নাম	ঠিকানা	ইনস্টিটিউটের সদস্য নম্বর বা পদবী
(১)		
(২)		
(৩)		

১২. অন্যান্য তথ্য যাহা প্রার্থী প্রদান করিতে চান:-----

১৩. আমি টাকা -----/(কথায়) এর ব্যাংক ড্রাফট/ক্রসড চেক নিম্নবর্ণিত ফি বাবত সংযুক্ত করিলাম:

- (ক) ভর্তি ফি :----- টাকা;
- (খ) বার্ষিক সদস্য ফি----- টাকা।
- মোট টাকা----- ।

অংশ-গ

১৪. ঘোষণা:

আমি,----- (নিম্নস্বাক্ষরকারী) এই মর্মে ঘোষণা করিতেছি যে,-

- (১) উপরোল্লিখিত বিবরণাদি সঠিক;
- (২) ইনস্টিটিউটের সদস্য হিসাবে নাম অন্তর্ভুক্ত হইবার পর আমি চার্টার্ড সেক্রেটারী আইন, ২০১০ এবং তদধীন প্রণীত প্রবিধানমালা মানিয়া চলিব;
- (৩) ইনস্টিটিউটের উদ্দেশ্য পূরণের জন্য আমি যথাসাধ্য চেষ্টা করিব এবং আমার সদস্যকালীন সময়ে, সাধ্য অনুযায়ী, সভা সমিতিতে উপস্থিত থাকিব।

আমি আরও ঘোষণা করিতেছি যে,-

- (১) আমি দেউলিয়া নই বা কখনও দেউলিয়া ছিলাম না;
- (২) আমি কখনও কোন উপযুক্ত আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অপরাধের দায়ে বা পেশাগত কোন অপরাধের জন্য দোষী সাব্যস্ত হই নাই।

আপনার বিশ্বস্ত

তারিখ:-----

প্রার্থীর স্বাক্ষর:-----

[বি.দ্র. বয়স প্রমাণের জন্য মেট্রিক/এস.এস.সি. সনদপত্রসহ অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট সনদপত্রসমূহের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।]

নম্বর:.....

ইনস্টিটিউটের  
সাধারণ সীল

ফরম-খ  
[প্রবিধান ১৩(৭) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

চার্টার্ড সেক্রেটারী সনদ

এতদ্বারা প্রত্যায়ণ করা যাইতেছে যে, জনাব -----  
-----পিতার নাম:-----,  
মাতার নাম:-----, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব  
বাংলাদেশের একজন এসোসিয়েট/ফেলো সদস্য। ইনস্টিটিউট এর এসোসিয়েট/ফেলো সদস্য হিসাবে  
তাহার নাম ----- সালের ----- মাসের ----- তারিখে রেজিস্টারে অন্তর্ভুক্ত হইয়াছে।

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের সাধারণ সীল সহকারে এই সনদ -----  
সালের ----- মাসের ----- তারিখে ইস্যু করা হইল।

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস  
প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

ফরম-গ  
[প্রবিধান ১৫(১) দ্রষ্টব্য]

প্রাইভেট প্র্যাকটিসের সনদপত্র ইস্যু করার আবেদন

প্রতি  
সচিব  
ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

মহোদয়,

আমি নিম্ন স্বাক্ষরকারী ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর একজন ফেলো সদস্য। আমি চার্টার্ড সেক্রেটারীজ প্রবিধানমালা, ২০১১ এর প্রবিধান ১৫(১) এর বিধান অনুসারে আমার অনুকূলে প্র্যাকটিসিং সনদ ইস্যু করিবার জন্য আবেদন জানাইতেছি। কাউন্সিলের প্রয়োজনে চার্টার্ড সেক্রেটারী হিসাবে প্র্যাকটিস করিবার জন্য আমি যাবতীয় তথ্য সরবরাহ করিতে সম্মত আছি।

উল্লেখ্য যে, আমি কখনও প্র্যাকটিস বন্ধ করিলে, ইনস্টিটিউটের বিধি-বিধান অনুযায়ী, উহা তৎক্ষণাৎ কাউন্সিলকে অবহিত করিতে বাধ্য থাকিব।

আবেদন ফি হিসাবে -----টাকার ব্যাংক ড্রাফট/ ক্রসড চেক নং -----তাং -----  
এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর:-----

নাম:-----

স্থান:----- তারিখ:-----		সদস্য নং:----- ফার্মের নাম ও ঠিকানা:-----
----------------------------	--	--

নম্বর:.....

ইনস্টিটিউটের  
সাধারণ সীল

ফরম-ঘ  
[প্রবিধান ১৫(৮) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

প্রাইভেট প্র্যাকটিস সনদ

এতদ্বারা প্রত্যয়ণ করা যাইতেছে যে, জনাব -----  
-----পিতার নাম:-----,  
মাতার নাম:-----, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ  
অব বাংলাদেশের একজন ফেলো সদস্য। তিনি চার্টার্ড সেক্রেটারীজ আইন, ২০১০ এর ধারা ১৯ এর  
বিধান অনুযায়ী চার্টার্ড সেক্রেটারী হিসাবে বাংলাদেশের সর্বত্র প্রাইভেট প্র্যাকটিস করিবার অধিকারী।

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশের সাধারণ সীল সহকারে এই সনদ -----  
সালের -----মাসের ----- তারিখে ইস্যু করা হইল এবং ইহা -----সালের -----  
মাসের-----তারিখ পর্যন্ত বহাল থাকিবে।

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস  
প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

ইনস্টিটিউটের  
সাধারণ সীল

ফরম-৬  
[প্রবিধান ১৫(৯) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

প্রাইভেট প্র্যাকটিস সনদ নবায়ন

এতদ্বারা জনাব -----পিতার নাম:-----  
-----, মাতার নাম:-----,  
এর প্রাইভেট প্র্যাকটিস সনদ -----সালের -----মাসের-----তারিখ পর্যন্ত নবায়ন  
করা হইল।

প্রাইভেট প্র্যাকটিস সনদ নম্বর ও ইস্যুর তারিখ :

সচিব

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট/ভাইস  
প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট

## ফরম-চ

[প্রবিধান ১৯(১) দ্রষ্টব্য]

ছাত্র হিসাবে নিবন্ধনের জন্য আবেদন

বরাবর

সচিব

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ

কাকরাইল, ঢাকা।

মহোদয়,

আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর ছাত্র হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করিতেছি। আমাকে ইনস্টিটিউটের ছাত্র হিসাবে নিবন্ধন প্রদান করা হইলে আমি ইনস্টিটিউটের সকল বিধি-বিধান মানিয়া চলিব।

পূর্ণ নাম:-----

পিতার নাম:-----

মাতার নাম:-----

জন্ম তারিখ:-----

ধর্ম:-----

জাতীয়তা:-----

বর্তমান ও স্থায়ী ঠিকানা:-----

ফোন নং: -----

বর্তমান চাকুরীদাতার নাম, ঠিকানা ও ফোন নং:-----

পদবী:-----

চাকুরীতে যোগদান বা পদোন্নতির তারিখ:-----

শিক্ষাগত যোগ্যতা (মূল সনদপত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে):

ক্রমিক নং	পরীক্ষার নাম	বছর	প্রাপ্ত বিভাগ/শ্রেণী	বোর্ড/বিশ্ববিদ্যালয়
(১)				
(২)				
(৩)				
(৪)				

অতীত কাজের অভিজ্ঞতা (চাকুরীরত হইলে নিম্নের তথ্য পূরণ করিতে হইবে এবং চাকুরীদাতার মূল সনদপত্র সংযুক্ত করিতে হইবে):

ক্রমিক নং	চাকুরীদাতার নাম	পদবী	হইতে	পর্যন্ত
(১)				
(২)				
(৩)				
(৪)				

আমি -----/(কথায়) টাকার ব্যাংক ড্রাফট/ক্রসড চেক নিম্নবর্ণিত ফি বাবত সংযুক্ত করিলাম:

(ক) নিবন্ধন ফি বাবদ :----- টাকা;

(খ) বার্ষিক চাঁদা বাবদ----- টাকা।

মোট: -----/- টাকা।

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

শুধু অফিসের ব্যবহারের জন্য

শাখার সীল

সনদপত্র সঠিক আছে  
সহকারী পরিচালক/সচিব

ভর্তি মঞ্জুর করা হইল-----পরিচালক/সচিব-----

রেজিস্ট্রেশন নং-----তাং-----

প্রাপ্ত টাকার পরিমাণ-----রশিদ নং-----

এবং তারিখ-----

কোষাধ্যক্ষ

ছাত্রের কার্ড তৈরি হইল:-----

ঠিকানা প্লেট তৈরি হইল:-----

ছাত্রকে অবহিত করা হইল:-----

ইনস্টিটিউটের  
সাধারণ সীল

ফরম-ছ  
[প্রবিধান ২১(২) দ্রষ্টব্য]

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ  
কাকরাইল, ঢাকা।

পরীক্ষায় কৃতকার্যতার সনদপত্র

এতদ্বারা প্রত্যয়ণ করা যাইতেছে যে, জনাব -----, পিতা: -----  
-----, মাতা: ----- ইনস্টিটিউট অব  
চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ কর্তৃক গৃহীত চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।  
পরীক্ষা অনুষ্ঠিত হইবার তারিখ: -----, ফল প্রকাশের তারিখ: -----  
-----।  
রোল নম্বর: -----, রেজিস্ট্রেশন নম্বর: -----।

সচিব

চেয়ারম্যান, পরীক্ষা কমিটি

ফরম-জ  
[প্রবিধান ২৬(২) দ্রষ্টব্য]

কাউন্সিল নির্বাচনে সদস্য পদের মনোনয়ন ফরম

'ক' অংশ

প্রতি

নির্বাচন কমিশন

ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ,  
কাকরাইল, ঢাকা।

প্রিয় মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর নির্বাচনে  
জনাব -----, এসোসিয়েট/ফেলো সদস্য নং-----  
---- কে সদস্য হিসাবে নাম প্রস্তাব/মনোনয়ন প্রদান করিতেছি।

স্থান:----- তারিখ:-----		স্বাক্ষর:----- নাম:----- সদস্য নং:-----
----------------------------	--	---

আমরা নিম্নস্বাক্ষরকারীদ্বয় ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর  
নির্বাচনে সদস্য হিসাবে জনাব ----- এসোসিয়েট/ফেলো সদস্য নং -----  
----- এর মনোনয়ন সমর্থন করি।

ক্রমিক নং	সমর্থনকারীর নাম	তারিখসহ স্বাক্ষর	সদস্য নং
১।			
২।			

(অন্যন দুইজন সদস্যের সমর্থন থাকিতে হইবে)

‘খ’ অংশ

এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, আমি ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারীজ অব বাংলাদেশ এর কাউন্সিল এর নির্বাচনে সদস্য পদে প্রার্থী হইতে ইচ্ছুক। আমি নির্বাচিত হইলে ইনস্টিটিউটের স্বার্থ সংরক্ষণ ও মর্যাদা রক্ষা করিব এবং আমার উপর অর্পিত সকল দায়-দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করাসহ ইনস্টিটিউটকে সাধ্য অনুযায়ী সেবা প্রদান করিব।

স্থান:----- তারিখ:-----		স্বাক্ষর:----- নাম:----- সদস্য নং:-----
----------------------------	--	---

-----

কাউন্সিলের আদেশক্রমে

MOHAMMAD SANAUULLAH FCS  
PRESIDENT  
Institute of Chartered Secretaries  
of Bangladesh (ICSB)  
107, Kakrail, Dhaka-1000.

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd